গোপনীয়

বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়,ঢাকা।
শৃঙ্খলা ও আপিল বিভাগ।

প্রকাঃ এইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৮২৫(শৃঙ্খলা)/(২২-২৩)/২০২৩-২০২৪/২৮৯২ তারিখঃ ১৪.০৩.২০২৪ খ্রি.

## কর্মীসংক্রান্ত ঘোষণা

যেহেতু আপনি জনাব মোঃ জাহাঙ্গীর আলম (জে-৭৮৯), বিকেবি, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম-এ উর্ধ্বতন কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালনকালে সংঘটিত অনিয়মের দায়ে আপনার বিরুদ্ধে বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর অধীনে শৃঙ্খলাসম্পর্কিত ৩৮ (ক), (খ) ও (গ) প্রবিধি মোতাবেক যথাক্রমে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও পলায়নমূলক অপরাধের দায়ে ০১/২৩-২৪ নম্বর বিভাগীয় শৃঙ্খলাজনিত মামলা রুজু করে ০৩.০৭.২০২৩ খ্রি. তারিখের প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৮২৫(শৃঙ্খলা)/(২২-২৩)/২০২৩-২০২৪/২৪ নম্বর স্মারকমূলে অভিযোগনামা জারি করা হয়েছিল। আপনি উহার জবাব দাখিল করেছিলেন এবং কর্তৃপক্ষ উক্ত মামলাটি তদন্তের জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করেছিলেন ;

০২। যেহেতু তদন্তকারী কর্মকর্তা উক্ত বিভাগীয় মামলাটি প্রবিধান মোতাবেক তদন্তান্তে কর্তৃপক্ষের নিকট তদন্ত প্রতিবেদন পেশ করেছিলেন;

০৩। যেহেতু কর্তৃপক্ষ আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ, আপনার জবাব, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদন ও আনুষঙ্গিক তথ্যাদি পর্যালোচনা করে আপনি জনাব মোঃ জাহাঙ্গীর আলম আপনার বিরুদ্ধে প্রমাণিত অভিযোগের জন্য বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর ৩৯(১)(খ) প্রবিধি মোতাবেক আপনাকে চাকরি হতে বরখাস্ত বা প্রবিধিতে বর্ণিত অন্য কোন গুরুদণ্ড প্রদান করার প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণ করতঃ উক্ত প্রবিধি মোতাবেক কেন আপনাকে চাকরি হতে বরখাস্ত বা প্রবিধিতে বর্ণিত অন্য কোন গুরুদণ্ড প্রদান করা হবে না-এ মর্মে চূড়ান্ত কারণ দর্শানো নোটিশ জারি করার সিদ্ধান্ত গ্রহণ করেছিলেন এবং অত্র বিভাগের ০৪.১২.২০২৩ খ্রি. তারিখের প্রকাঃএইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৮২৫(শৃঙ্খলা)/(২২-২৩)/২০২৩-২০২৪/১৬৫৪ নম্বর কর্মীসংক্রান্ত ঘোষণামূলে চূড়ান্ত কারণ দর্শানো নোটিশ জারি করা হয়েছিল ;

০৪। যেহেতু আপনি জনাব মোঃ জাহাঙ্গীর আলম অত্র বিভাগের ০৪.১২.২০২৩ খ্রি. তারিখের চূড়ান্ত কারণ দর্শানো নোটিশের জবাব দাখিল করেছিলেন। অতঃপর কর্তৃপক্ষ আপনার দাখিলকৃত চূড়ান্ত কারণ দর্শানো নোটিশের জবাব ও সার্বিক বিষয়াদি বিচার-বিশ্লেষণ করে আপনাকে দায়িত্ব পালনে অবহেলা, অসদাচরণ ও পলায়নমূলক অপরাধের দায়ে দোষী সাব্যস্ত করতঃ গুরুদণ্ড তথা চাকুরি হতে বরখাস্ত করার চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করেন ;

০৫। এক্ষণে, সেহেতু কর্তৃপক্ষ গৃহীত সিদ্ধান্ত মোতাবেক আপনি জনাব মোঃ জাহাঙ্গীর আলম, আপনাকে বাংলাদেশ কৃষি ব্যাংক (কর্মকর্তা ও কর্মচারী) চাকুরী প্রবিধানমালা, ২০০৮ এর ৩৯(১)(খ)(উ) প্রবিধি অনুসারে চাকুরি হতে বরখাস্তের আদেশ দিলেন ।

ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আদেশক্রমে-

14/03/24

(মোহাম্মদ রবিউল আউয়াল)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)

জনাব মোঃ জাহাঙ্গীর আলম (জে-৭৮৯)
উর্ধ্বতন কর্মকর্তা (বরখাস্তকৃত)
বাংলাদেশ কৃষি ব্যাংক
বিভাগীয় কার্যালয়
চট্টগ্রাম।

প্রকাঃ এইচআরএমডিঃ৩ঃ১ঃ৩৮২৫(শৃঙ্খলা)/(২২-২৩)/২০২৩-২০২৪/২৮৯২(১) তারিখঃ ১৪.০৩.২০২৪ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা ।
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (প্রশাসন) মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, বিভাগীয় কার্যালয়, চট্টগ্রাম। এতৎসঙ্গে প্রেরিত মূল কর্মীসংক্রান্ত ঘোষণাটি জনাব মোঃ জাহাঙ্গীর আলম এর নিকট প্রাপ্তিস্বীকার রসিদ মারফত হস্তান্তর করতঃ রসিদটি অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। এছাড়াও যদি তিনি ঘোষনাটি গ্রহণে অস্বীকৃতি জানান/তাকে না পাওয়া গেলে তার কোন নিকট আত্মীয়ের (পিতা,মাতা,ভাই,বোন,স্ত্রী ও ছেলেমেয়ে) নিকট প্রাপ্তিস্বীকার রসিদের মাধ্যমে হস্তান্তর করতে হবে। তারা কেউ তা গ্রহণে অস্বীকৃতি জানালে শাখার একজন দ্বায়িত্বশীল কর্মকর্তার মাধ্যমে তার বসত বাড়ীর সদর দরজায় সহজে দৃশ্যমান হয় এমন স্থানে দুইজন স্বাক্ষীর উপস্থিতিতে লটকিয়ে জারি করতঃ সাক্ষীগণের স্বাক্ষর, নাম ঠিকানা ও মোবাইল নম্বর (যদি থাকে) গ্রহণপূর্বক জারি সংক্রান্ত একটি প্রতিবেদন অত্র বিভাগে পৌছানো নিশ্চিতকরণের জন্য অনুরোধ করা হলো।
০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, চট্টগ্রাম ।
০৬। উপমহাব্যবস্থাপক, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। কর্মীসংক্রান্ত ঘোষণাটি সংশ্লিষ্ট কর্মকর্তার চাকুরী বহিতে লিপিবদ্ধ করে আদেশটি নথিতে সংরক্ষণের জন্য অনুরোধ করা হল।
০৭। উপমহাব্যবস্থাপক, কেন্দ্রীয় হিসাব বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৮। উপমহাব্যবস্থাপক, পেনশন ও আনুতোষিক বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৯। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। কর্মীসংক্রান্ত ঘোষণাটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হল।
১০। নথি/ মহানথি/মূলনথি।

14.03.2024

(মোঃ আবু রায়হান)
সহকারী মহাব্যবস্থাপক